সূত্র: নিক-৫

তারিখ: ২ অক্টোবর ২০২৫

কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম ও সবাইকে শুভেচ্ছা ।

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী আজ বৃহস্পতিবার, ২ অক্টোবর ২০২৫, সকাল ১১ ঘটিকায় প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হলো।

আহ্বায়ক কমিটি কর্তৃক ঘোষিত ২৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত সদস্য তালিকা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করে ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নির্বাচন কমিশনের নিকট হস্তান্তর করা হয়েছে। সেই তালিকার ভিত্তিতেই আজকের প্রাথমিক ভোটার তালিকা প্রকাশিত হচ্ছে।

আহ্বায়ক কমিটি কর্তৃক বর্ধিত সময়ে যারা নতুন সদস্যপদ অর্জন করেছেন, তাদের নাম অন্তর্ভুক্ত করে একটি অতিরিক্ত খসড়া তালিকা নির্বাচন কমিশন যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে প্রকাশ করবে, ইনশাআল্লাহ।

তফসিল অনুযায়ী, আগামী ৯ অক্টোবর ২০২৫ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। একই দিন থেকে ১৫ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন।

মনোনয়নপত্র সংগ্রহের নিয়মাবলী নিম্নরূপঃ

১. মনোনয়নপত্রের ফি ২,০০০/- (দুই হাজার টাকা)।

২. কুমিল্লা ও ঢাকা অফিস থেকে মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে।

৩. ফি প্রদানের জন্য bKash-এ “Send Money” অপশন ব্যবহার করে +880 16 8078 7181 নম্বরে টাকা প্রেরণ করতে হবে।

৪. অনলাইনেও মনোনয়নপত্র সংগ্রহের সুযোগ রয়েছে; এক্ষেত্রেও bKash-এর মাধ্যমে একই নম্বরে টাকা প্রেরণ করতে হবে।

৫. কোনো প্রকার নগদ অর্থ লেনদেন সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

মনোনয়নপত্র জমাদানের সময় প্রার্থীদের নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে—

- একটি পাসপোর্ট সাইজের ছবি
- নির্ধারিত ছকে পূরণকৃত জীবনবৃত্তান্ত (Biodata)
- bKash-এর মাধ্যমে প্রদত্ত অর্থের Money Receipt

আপনাদের সর্বাঙ্গীন সাফল্য ও অংশগ্রহণ কামনা করছি।

একেএম কামরুল ইসলাম
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন